

কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ নিয়ে সাত কলেজ শিক্ষার্থীদের কঠোর হাঁশিয়ারি

অনলাইন ডেক্স



সংগৃহীত ছবি

আগামী সোমবারের (২২ সেপ্টেম্বর) মধ্যে সাত কলেজকে ঢাকা

কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় করে অধ্যাদেশ জারি করা না হলে কঠোর

কর্মসূচির হাঁশিয়ারি দিয়েছেন সাত কলেজের শিক্ষার্থীরা।

বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) দুপুরে ঢাকা কলেজের শহীদ

মিনারের সামনে এক সংবাদ সম্মেলনে এমন হাঁশিয়ারি দেন

শিক্ষার্থীরা।

শিক্ষার্থীরা বলেন, ২০১৭ সালের পর যে শিক্ষকরা কখনো

শিক্ষার্থীদের পাশে ছিল না। এখন সাত কলেজের সমস্যা

নিরসনের দিকে এগোলে তারা বাধা দেওয়ার চেষ্টা করছেন।

এ সময় অধ্যাদেশ ছাড়া কোনো চূড়ান্ত সমাধান হবে না বলেও
উল্লেখ করেন তারা। পাশাপাশি নতুন করে আন্দোলন করলে
পরীক্ষার ফলাফলে তার প্রভাব পড়বে বলে শিক্ষকদের পক্ষ থেকে
এমন ভূমিকা দেওয়া হচ্ছে বলেও অভিযোগ করেন শিক্ষার্থীরা।

এর আগে, গত আগস্ট মাসে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকা
সরকারি সাত কলেজের প্রশাসনিক, একাডেমিক ও আর্থিক দায়িত্ব
এবং ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের তথ্য, ছবি ও ভর্তি
পরীক্ষার ফি প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি কর্তৃপক্ষের
কাছে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করে। এর মাধ্যমে ঢাকা
বিশ্ববিদ্যালয় থেকে সরকারি সাত কলেজের সম্মানজনক
পৃথকীকরণ প্রক্রিয়া চূড়ান্তভাবে সম্পন্ন হয়।

১৪ আগস্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ
আহমদ খান উপাচার্যের সভাকক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে
প্রস্তাবিত ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটির অন্তর্বর্তীকালীন প্রশাসক
অধ্যাপক এ কে এম ইলিয়াসের কাছে এ দায়িত্ব ও তথ্য হস্তান্তর
করেন।

